# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬০১

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৫৬. বিপদগ্রস্ত ব্যক্তিকে সান্ত্বনা দেয়ার সওয়াব।

بَاب مَا جَاءَ فِي ثَوَابِ مَنْ عَزَّى مُصَابًا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنِي قَيْسٌ أَبُو عُمَارَةَ مَوْلَى الأَنْصَارِ قَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ يُحَدِّثُ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ مَا مِنْ مُؤْمِنٍ يُعَزِّي أَخَاهُ بِمُصِيبَةٍ إِلَّا كَسَاهُ اللهُ سُبْحَانَهُ مِنْ حُلَلِ الْكَرَامَةِ يَوْمَ الْقِيَامَةِ

বাংলা

১/১৬০১। ’আমর ইবন হাযম (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি তার মু’মিন ভাইকে তার বিপদে সান্ত্বনা দিবে, আল্লাহ্ তা’আলা কিয়ামতের দিন তাকে সম্মানের পোশাক পরাবেন।

## English

Qais, Abu ‘Umarah, the freed slave of the Ansar, said:
“I heard ‘Abdullah bin Abu Bakr bin Muhammad bin ‘Amr bin Hazm narrating from his father, from his grandfather, that the Prophet (ﷺ) said: ‘There is no believer who consoles for his brother for a calamity, but Allah will clothe him with garments of honor on the Day of Resurrection.’”

ফুটনোট

ইরওয়াহ ৭৬৪, সহীহায় নতুন ছাপা ১৯৫।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী খালিদ বিন মাখলাদ সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সত্যবাদী কিন্তু শীয়া মতাবলম্বী। ইবনু আদী বলেন, তার ব্যাপারে কোন সমস্যা নেই। ২. কায়স আবু উমারাহ সম্পর্কে ইমাম যাহাবী তাকে সিকাহ বলেছেন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে।

আল উকায়লী তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আমর বিন হাযম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন